দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 4 AUG 2017 ...
... পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির উপাচার্য প্যানেলের কার্যক্রম আপীল বিভাগে স্থগিত

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য নির্বাচনের জন্য ৩ সদস্যের প্যানেলের পরবর্তী কার্যক্রম স্থগিত করেছে আপীল বিভাগ। একই সঙ্গে আগামী ৪ সপ্তাহের মধ্যে মামলা নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছে আদালত। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দর্শন বিভাগের শিক্ষক তোফায়েল আহমেদের নিয়োগ অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় বহাল রেখেছেন সুপ্রীমকোর্টের আপীল বিভাগ। এ সময় আদালত মন্তব্য করেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহ্য রয়েছে। সেই ঐতিহ্য অনুযায়ী বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে না। বৃহস্পতিবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপীল বেঞ্চ এ আদেশ প্রদান করেছেন।

রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি

## ৪ সপ্তাহের মধ্যে মামলা নিষ্পত্তির নির্দেশ

নির্ধারণ না করেই উপাচার্য প্যানেল নির্বাচনের জন্য সিনেটের বিশেষ সভা ডাকার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্ট এর আগে

*(৬ পৃষ্ঠা ২ কঃ দেখুন)*

## ঢাবির উপাচার্য

(প্রথম পৃষ্ঠার পর)

যে রুল দিয়েছিল, তা চার সপ্তাহের মধ্যে নিষ্পত্তি করতে বলেছে আপীল বিভাগ। কোন ধরনের মুলতবি ছাড়াই হাইকোর্টে রুল শুনানি শেষ করতে হবে। আর রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্তমান উপাচার্যই বিশ্ববিদ্যালয় পরিচালনার দায়িত্ব পালন করে যাবেন বলে জানানো হয়েছে আপীল বিভাগের আদেশে।

আপীল বিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানি করেন আব্দুল মতিন খসরু এবং এএফএম মেজবাহ উদ্দিন। অন্যদিকে রিটকারী রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার রোকনউদ্দিন মাহমুদ ও মোস্তাফিজুর রহমান।

১৯৭৩ এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী পরিচালিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে সিনেট সদস্যরা ভোট দিয়ে তিনজনের একটি উপাচার্য প্যানেল ঠিক করেন, তার মধ্য থেকে একজনকে উপাচার্য পদে নিয়োগ দেন বিশ্ববিদ্যালয়ের আচার্য বা রাষ্ট্রপতি। সিনেটে ছাত্র-শিক্ষকসহ বিভিন্ন অংশের প্রতিনিধিত্ব থাকে। বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের মধ্য থেকেও ২৫ জন প্রতিনিধি এই সিনেটে থাকেন। কিন্তু রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্ধারণ বা নির্বাচন না করেই ২৯ জুলাই সিনেট সভা ডাকায় আপত্তি জানিয়ে আদালতে রিট আবেদন করেন ১৫ জন রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েট।

এই ১৫ আবেদনকারী হলেন- বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোঃ আব্দুস সামাদ, অধ্যাপক সাদেকা হালিম, অধ্যাপক একেএম গোলাম রব্বানী, অধ্যাপক হারুনুর রশীদ খান, অধ্যাপক সিতেশ চন্দ্র বাচার, অধ্যাপক সৈয়দ মোহাম্মদ শামসুদ্দিন, অধ্যাপক হুমায়ুন আক্তার, অধ্যাপক মোঃ আসাদুজ্জামান, অধ্যাপক এমরান কবীর চৌধুরী, অধ্যাপক কে এম